শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd / www.ozonecellbd.com

পত্র সংখ্যা: পরিবেশ/ওডিএস (লাইসেন্স)/৯১৫ (২৯তম খন্ড)/২০০৫/১০৭ তারিখ: ৩১ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের ২০২২ সালের ২য় কিস্তি আমদানি লাইসেন্স প্রদান সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরনী।**

সভাপতি ঃ জনাব কাজী আবু তাহের, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
স্থান ঃ সভাকক্ষ (কক্ষ নং-৬০৫), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
তারিখ ও সময় ঃ ২৪ অক্টোবর, ২০২২; সকাল ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কমিটির সদস্য/কর্মকর্তাদের তালিকা ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক) মির্জা শওকত আলী, পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
খ) সৈয়দ নজমুল আহসান, পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
গ) জনাব মোঃ জিয়াউল হক, পরিচালক, ঢাকা অঞ্চল, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ঘ) ড. মোহাম্মদ আব্দুল মোতালিব, উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা এবং কমিটির সদস্য সচিব।
ঙ) ড. সত্যেন্দ্র কুমার পুরকায়স্থ, প্রজেক্ট কোঅর্ডিনেটর, ওজোন সেল, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

০২। পটভূমি ঃ

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে সভার বিষয় বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে সদস্য-সচিব সভার পটভূমি ও আলোচ্যসূচিসমূহ উপস্থাপন করেন। উপস্থাপনায় তিনি জানান যে, মন্ট্রিল প্রটোকল ও ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা অনুসারে ২০২২ সালের বাংলাদেশের জন্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানির লাইসেন্স প্রদানের জন্য ৪৭.২২ ওডিপি টন কোটা বরাদ্দ ছিল। এর মধ্যে ২০২২ সালের ১ম কিস্তিতে ২০.৮৯২ ওডিপি টন বরাদ্দ প্রদান করা হয় এবং ২য় কিস্তির জন্য মোট ২৬.৩২৮ ওডিপি টন অবশিষ্ট রয়েছে। ২০২২ সালের ২য় কিস্তির ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানি বরাদ্দের লাইসেন্সের জন্য মোট ৬২টি আবেদন পত্র জমা পড়েছে। তন্মধ্যে ৫৯টি R-22, ২টি R-123 এবং ১টি R-406A গ্যাস আমদানির জন্য আবেদন করেছেন। এছাড়াও ১টি আবেদন জমাদানের নির্ধারিত তারিখের পর অর্থাৎ ৩০ সেপ্টেম্বর ২০২২-এর পরে দাখিল করায় উক্ত আবেদনটি বিবেচনা যোগ্য নয় বিধায় তালিকাভুক্ত করা হয়নি। তিনি আরও উল্লেখ করেন যে, আরও ৯টি নতুন আবেদন পাওয়া গিয়েছে, লাইসেন্স প্রদান সংক্রান্ত নীতিমালা অনুসারে বরাদ্দ প্রদানের সুযোগ নেই বিধায় এসকল নতুন আবেদন কার্যপত্রের মধ্যে তালিকাভুক্ত করা হয়নি।

০৩। আলোচনা ঃ

আবেদন জমাদানের নির্ধারিত তারিখের পর দাখিলকৃত ১টি এবং লাইসেন্স প্রদান সংক্রান্ত নীতিমালার লাইসেন্স প্রদান সংক্রান্ত নীতিমালা অনুসারে বরাদ্দ প্রদানের সুযোগ নেই এরকম ৯টি নতুন আবেদন কার্যপত্রে তালিকাভূক্তির সুযোগ নেই মর্মে সকলে একমত পোষণ করেন।

০৪। ড. সত্যেন্দ্র কুমার পুরকায়স্থ, প্রজেক্ট কোঅর্ডিনেটর, ওডিএস প্রকল্প উল্লেখ করেন যে, ২০২১ সালের বরাদ্দকৃত কোটার আওতায় বেশ কিছু পরিমান মালামাল ২০২১ সালের ৩১ ডিসেম্বরের পর আমদানি হয়েছে। এ ব্যাপারে ২০২২ সালের কোটা হতে নির্ধারিত সময়ে পর অর্থাৎ ২০২১ সালের কোটার যে পরিমাণ ওডিএস গ্যাস ২০২২ এ আমদানি হয়েছে, সে পরিমাণ বরাদ্দ এ বছরের কোটা হতে হ্রাস করা উচিত হবে কি'না সে বিষয়টি

সভাকে ভেবে দেখার অনুরোধ করেন। এ বিষয়ে পরিচালক (ঢাকা অঞ্চল) জনাব মোঃ জিয়াউল হক বলেন যে, বিশ্বব্যাপী করোনা প্রাদুর্ভাবেব কারণে আমদানি রপ্তানি ব্যাহত হয়। এছাড়া রপ্তানিকারক দেশসমূহের শিল্প কারখানা, ব্যাংক ও বন্দরসমূহ বন্ধ ছিল এবং রপ্তানিকারক দেশসমূহের ওডিএস নিয়ন্ত্রক অফিসসমূহও বন্ধ ছিল। অন্যদিকে ২০২২ সালের বরাদ্দ হ্রাস পেলে দেশে রিফ্রিজারেন্ট-এর ঘাটতি হবার সম্ভাবনা রয়েছে। ফলে দেশের বিভিন্ন সেক্টরে এসি সার্ভিসিং এবং অন্যান্য হিমায়িতকরণ ব্যবস্থা ব্যাপক সমস্যায় পড়তে পারে। এতে মূল্যবান বৈদেশিক মুদ্রা ব্যয়ে আমদানিকৃত লক্ষ লক্ষ এসি তার কার্যকাল সমাপ্তির পূর্বেই অচল হয়ে পড়তে পারে। তাই দেশ ও জনগণের স্বার্থে বিষয়টি বিবেচনায় নিয়ে ২০২২ সালের পূর্ণ কোটা আমদানি করাই সমীচীন হবে। এ বিষয়টি নিয়ে সকল সদস্যগণ আলোচনা করেন এবং ২০২২ সালের পূর্ণ কোটা বরাদ্দের বিষয়ে একমত পোষণ করেন।

০৫। বিগত জুন ২০২২ সময়ে বরাদ্দকৃত ১ম কিস্তির আমদানির অবস্থা সম্পর্কে পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা) জনাব সৈয়দ নজমুল আহসান এর প্রশ্নের জবাবে ওজোন সেলের প্রকল্প সমন্বয়কারী জানান যে, চীনের করোনা পরিস্থিতির কারণে বন্দর বন্ধ থাকা, জাহাজ প্রাপ্তিতে বিলম্ব ইত্যাদি কারণে কিছু সংখ্যক আমদানিকারকের মালামাল বিলম্বে শিপম্যান্ট হওয়ায় ৫/৬ জন আমদানিকারকের মালামাল এখনো চট্টগ্রাম বন্দরে পৌছায়নি। অন্য সকল লাইসেন্স প্রাপ্তরা ইতোমধ্যে আমদানি সম্পন্ন করেছেন।

০৬। এ পর্যায়ে পরিচালক (ঢাকা অঞ্চল) জনাব মোঃ জিয়াউল হক অভিমত ব্যক্ত করেন যে, আগামীতে যেহেতু ওডিএস কোটা ব্যাপকভাবে হ্রাস পাবে, তাই ২০২৩ সাল হতে বছরে ২বার আমদানি লাইসেন্স বরাদ্দের পরিবর্তে বছরে ১বার লাইসেন্স বরাদ্দ করা সমীচীন হবে। এ বিষয়ে সভায় আলোচনাক্রমে ২০২৩ সাল হতে ওডিএস আমদানি লাইসেন্স বছরে দুই বারের পরিবর্তে বছরে একবার প্রদানের বিষয়ে সকল সদস্যগণ একমত পোষণ করেন।

০৭। অতঃপর কমিটির সদস্যবৃন্দ প্রাপ্ত কার্যপত্রের তালিকাভূক্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করেন। যাচাই-বাছাইপূর্বক এদের মধ্যে ২টি আবেদন নীতিমালার শর্ত পূরণ করতে সক্ষম হয়নি বিধায় এ ২টি আবেদনকে লাইসেন্স বরাদ্দের জন্য বিবেচনা করা সম্ভব নয় মর্মে সকলে একমত পোষণ করেন। অবশিষ্ট ৫৭টি আবেদন নীতিমালার শর্ত প্রতিপালন করায় লাইসেন্স এর জন্য বিবেচনায় রাখা হয়। সচরাচর ব্যবহৃত হয় না বা সাধারনভাবে বাজারে পাওয়া যায় না ২টি (R-123 ও R-406a ) রিফ্রিজারেন্ট এর ৩টি আবেদনও বিবেচনায় নেয়া হয়।

০৮। এ পর্যায়ে সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহনের সুপারিশ গৃহীত হয়ঃ

(ক) বরাদ্দকৃত কোটা আমদানির মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত থাকবে। তবে প্রয়োজনে লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে;

(খ) নীতিমালার আলোকে একই ব্যক্তির নামে একাধিক আবেদন থাকায় Cooling Point Engineering Services -এর আবেদন বিবেচনা করা হয়নি। একই মালিকানাধীন Cooling Point Marketing Company -এর আবেদন বিবেচনায় নেয়া হয়েছে;

(গ) বাংলাদেশ রিফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং মার্চেন্ট এসোসিয়েশনের সদস্যপদ সনদ জাল করার অভিযোগ থাকায় Ramim Enterprise -এর আবেদন বিবেচনা করা হয়নি;

(ঘ) আগামী ২০২৩ সাল হতে ওসিএস কোটা বরাদ্দ নীতিমালার অনুচ্ছেদ-ক এর ক্রমিক ১ এ উল্লিখিত বছরে দুইবার লাইসেন্স প্রদানের পরিবর্তে বছরে একবার এবং বছরের প্রথম কোয়ার্টারের মধ্যে ওডিএসের কোটা বরাদ্দের লাইসেন্স প্রদান করা হবে। এক্ষত্রে নীতিমালার এ সংক্রান্ত বছরে দুইবার ওডিএসের কোটা বরাদ্দের বিষয়টি রহিত হবে;

(ঙ) আর-২২ Eligible সকল উৎপাদনকারী, সার্ভিসিং ও বাণিজ্যিক আমদানিকারকের অনুকূলে ৭.৭৫২ মে. টন হারে বরাদ্দ প্রদান করা হবে। সার্ভিসিং খাতের গুরুত্ব বিবেচনা করে ৬ জন সার্ভিসিং সেক্টরের আমদানিকারকদেরকে অতিরিক্ত ২৮.২৪৮ মে. টন সমহারে ভাগ করে বরাদ্দ প্রদান করা হবে। এছাড়াও ২টি (R-123 ও R-406a ) রিফ্রিজারেন্ট এর ৩টি আবেদনও বিবেচনায় নেয়া হয়।

(চ) এতদসঙ্গে সংযুক্ত মূল্যায়ন ছকটি এ কার্যবিবরণীর অংশ হিসেবে গণ্য হবে;

(ছ) অতঃপর সভায় ২০২২ সালের ২য় কিস্তি বরাদ্দের লাইসেন্স প্রদানের জন্য অনুমোদিত নীতিমালার ভিত্তিতে নিম্নে উল্লিখিত প্রতিষ্ঠানের অনুকূলে তাদের নামের পাশে বর্ণিত পরিমানে ওডিএস বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২২ সালের ২য় কিস্তির জন্য সুপারিকৃত R-22 (মে. টন) | কমিটি কর্তৃক ২০২২ সালের ২য় কিস্তির জন্য সুপারিকৃত ওডিপি টন |
|---|---|---|---|
| | উৎপাদনকারী / সংযোজনকারী প্রতিষ্ঠান | | |
| ১. | AC Bazar Industries Limited<br>SouthFedainagar, Baraiyadhala, Sitakunda, Chattogram | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২. | Supreme Air-Conditioning Company<br>721/C, Uttarkhan, Dhaka-1230 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩. | Elite Hitech Industries Ltd.<br>Plot-6613, Korpai, Burichong, Comilla | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| | সার্ভিসিং প্রতিষ্ঠান | | |
| ৪. | City Enterprise<br>House-571, Road-8, Baitul Aman Housing Society, Adabor, Dhaka | ১২.৪৬০ | ০.৬৮৫৩ |
| ৫. | Cooling Point Marketing Company<br>14/Ka, PC Culture Bhaban, Room No-1/A (2nd Floor), Shamoli, Adabor, Dhaka | ১২.৪৬০ | ০.৬৮৫৩ |
| ৬. | Paris Engineering<br>79 Green Road, Green View Super Market, Shop No-7, Dhaka-1215 | ১২.৪৬০ | ০.৬৮৫৩ |
| ৭. | Al-Amin Refrigeration & Engineering Works<br>Ka-84/D(3rd F;ppr), Progati Saroni, Sajadpur, Gulshan, Dhaka-1212 | ১২.৪৬০ | ০.৬৮৫৩ |
| ৮. | Imran Enterprise Ltd.<br>SouthFedainagar, Baraiyadhala, Sitakunda Chattogram | ১২.৪৬০ | ০.৬৮৫৩ |
| ৯. | Paradise<br>B-54, Gulshan Shopping Centre (Ground Floor), Gulshan-1, Dhaka | ১২.৪৬০ | ০.৬৮৫৩ |
| | বাণিজ্যিক আমদানিকারক প্রতিষ্ঠান | | |
| ১০. | Sobuj Traders<br>Ta-137/1, Bir Uttam A K Khadokar Road, Badda, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১১. | Mojaher Traders<br>61/3, BCC Road,Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১২. | Ruhul Amin Refrigeration<br>53/1,BCC Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৩. | N.N. Enterprise<br>205/D,Rahman Mansion, Sholuk Bahar, Chattogram | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৪. | M.A Engineering<br>10/B, Folder Steet, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৫. | Whizz Air-Conditioning & Communiction Systems Ltd., | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২২ সালের ২য় কিস্তির জন্য সুপারিকৃত R-22 (মে. টন) | কমিটি কর্তৃক ২০২২ সালের ২য় কিস্তির জন্য সুপারিকৃত ওডিপি টন |
|---|---|---|---|
| | 114 Kazi Nazrul Islam Avenue, Rupayan Trade Centre, Floor-15, Suite- 07, Banglamotor, Dhaka | | |
| ১৬. | S.A. Traders<br>145/1, Malibagh, Flat-8/A, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৭. | H.K Trading<br>105 Islampur Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৮. | Samiya Refrigeration<br>49/3 Shah Shaheb Line, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ১৯. | JBR Trade International<br>Arkan Road, Bahardarhat, Chandgaon, Chittagong | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২০. | Bhai BhaiRefrigeration<br>88, BCC Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২১. | Naim Enterprise<br>79, Ahsan Monjil (Nawab Bari), 1st Floor, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২২. | Reaz Enterprise<br>35/5, Block-F, Babor Road Mohammadpur, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৩. | Syed Gas & Chemicals Ltd.<br>82, Motijheel C/A, Dhaka-1000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৪. | Syed Industries Limited<br>82, Motijheel C/A, Dhaka-1000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৫. | Apex Trading Co.<br>72, BCC Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৬. | Jahan Business Ltd.<br>29/1/3 Toyenbe Circular Road Motijheel, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৭. | Tulip Enterprise<br>45/1/A Ganoktuli Line, Hajaribagh, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৮. | Abid Traders<br>40, Bijoy Nagar, Alis Centre, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ২৯. | Nishat Traders<br>25/1 Joykali Mondir Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩০. | Frankenfood CorporationKawadi, Charsindur, Palash, Narshingdi | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩১. | Saiful Refrigeration & Engineering Works<br>Ka-84/D (5th floor), Progoti Sarani, Sajadpur, Gulshan, Dhaka-1212 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩২. | Shajib Enterprise<br>56, Monihar Classic (3rd Floor), Shantinagar, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৩. | Shajeda & Co.<br>16, Kawran Bazar, Ambershah Sahi Masjid Market, 2nd Floor, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৪. | Nabils Trade Corporation<br>66 BCC Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২২ সালের ২য় কিস্তির জন্য সুপারিকৃত R-22 (মে. টন) | কমিটি কর্তৃক ২০২২ সালের ২য় কিস্তির জন্য সুপারিকৃত ওডিপি টন |
|---|---|---|---|
| ৩৫. | Bismillah Refrigeration<br>2 Joykali Mondir Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৬. | Sara Corporation<br>19 Bagichartech, West Rampura, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৭. | Al-Hatim Refrigeration<br>309,Enayet Bazar, Jubilee Road Chowdhury Machinery Market (1st Floor), Chittagong-4000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৮. | Delco Engineering<br>57/1 Purana Paltan, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৩৯. | Shamrat Trading<br>41/1/A Purana Palton, Dhaka-1000 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪০. | Titon & Company<br>Kawadi, Charsindur, Palash, Narshingdi | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪১. | MS Refrigeration<br>52/2, BCC Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪২. | Talukder Trade International<br>721/C, Santi Nikaton Road, Uttarkhan, Uttara, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৩. | Power Sonic Trade International<br>49 Motijheel C/A, 8th Floor (Suite-904), Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৪. | Sezan Enterprise<br>28, Joginagar, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৫. | Delco International Co.<br>60/E/1 Purana Paltan, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৬. | Hossain Enterprise<br>175, Mollar Tak, Dakshinkhan, Uttara, Dhaka-1230 | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৭. | N.S Trading Co.<br>19 Joykali Mondir Road, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৮. | Tokyo Refrigeration<br>3/3/B Purana Paltan, Solayeman Plaza, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৪৯. | Al-Ammar Enterprise<br>219-220, Nababpur Road, Gausia Plaza, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫০. | Sanjida Refrigerations<br>7/A, Larmini Street, Wari, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫১. | Asian Refrigeration Works<br>105 Islampur Road, 5th Floor, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫২. | Saymon Refrigeration Works<br>35 Ahsanullah Road, Islampur, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৩. | Dewan Electric & Co.<br>Shop-01, Plot-22, Rab Super Market, Gulshan C/A, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২২ সালের ২য় কিস্তির জন্য সুপারিকৃত R-22 (মে. টন) | কমিটি কর্তৃক ২০২২ সালের ২য় কিস্তির জন্য সুপারিকৃত ওডিপি টন |
|---|---|---|---|
| ৫৪. | Aziz Trade & Engineering Ltd.<br>58//Kha, Tejtori Bazar Chak (West Raja Bazar), Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৫. | Al-Hatim Trading Centre<br>309, Enayet Bazar, Jubilee Road, Chittagong | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৬. | Gulf International Associatiates Ltd.<br>House-25, Road-107, Gulshan-2, Dhaka | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| ৫৭. | Sikder Trade International<br>Razzak Monjil, Charaicha<br>Kheyaghat Sarak, Charaicha, Barishal | ৭.৭৫২ | ০.৪২৬৩৬ |
| | অন্যান্য গ্যাস | | |
| ৫৮. | Syed Gas & Chemicals Ltd. (R-123)<br>82, Motijheel C/A, Dhaka-1000 | ০.৬০ | ০.০১২ |
| ৫৯. | Confidence Trade Limited (R-123)<br>09-05 Navana Tower<br>45 Gulshan Avenue, Dhaka | ০৫.০০ | ০.১০ |
| ৬০. | N.S Trading Co. (R-406a)<br>19 Joykali Mondir Road, Dhaka | ০৫.০০ | ০.৩০ |
| | Total = | | ২৬.২৬৮১৬ |

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১০/২০২২
(ড. মোহাম্মদ আব্দুল মোতালিব)
উপপরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য-সচিব

৩১/১০/22
(সৈয়দ নজমুল আহসান)
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

(মির্জা শওকত আলী)
পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য

৩১/১০/২০২২
(মোঃ জিয়াউল হক)
পরিচালক (ঢাকা অঞ্চল)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

৩১/১০/২০22
(কাজী আবু তাহের)
অতিরিক্ত মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
আহবায়ক